রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৯, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**

**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**

**বিআরটিএ সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নং **৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৭৩৫**—৩০ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ও উপনির্বাচন অনুষ্ঠিত হবে। ১৯৮৩ সালের মোটর ভেহিক্যাল্স অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ)-এর ৮৮ ধারা অনুযায়ী ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৯ ডিসেম্বর দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে :

| | | |
|---|---|---|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক | (৪) জীপ | (৭) বাস |
| (২) ট্যাক্সি ক্যাব | (৫) পিক আপ | (৮) ট্রাক |
| (৩) মাইক্রোবাস | (৬) কার | (৯) টেম্পো |

০২। এছাড়া, ভোট গ্রহণের পূর্ববর্তী ০২ (দুই) দিন হতে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।



**মূল্য :** টাকা ৪.০০

০৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে) নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজে যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর বর্ণিত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ-কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

০৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৬। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জসিম উদ্দিন**

সহকারী সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd